মডেল প্রশ্ন–৭

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট | **বিষয় : বাংলা** | পূর্ণমান- ১০০

◻ নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩, ৪, ৫ ও ৬নং ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :

আমাদের দেশ অপরূপ সৌন্দর্যে ভরা। আকাশের দিকে যখন তাকাই, দেখি ফুটফুটে তারার মেলা। আবার নদীতে দেখি ঢেউয়ের খেলা। এ দেশের কোথাও রয়েছে পাহাড় আর কোথাও বা মাঠভরা ঢেউ খেলানো সবুজ ফসল। এদেশের গাছের ডালে ডালে পাখি গান করে। অনেক কবি এদেশের সৌন্দর্যের কথা তাঁদের কবিতায় লিখেছেন। এদেশ আমাদের গর্ব, এদেশকে আমরা ভালোবাসি। এদেশের জন্য আমাদের কাজ করতে হবে। এদেশের রূপে মুগ্ধ হয়ে কবি বলেছেন– এদেশ যেন সোনার ছবি। এদেশকে স্বাধীন করতে লাখো বীরযোদ্ধা হাসতে হাসতে মৃত্যুর কোলে ঝাঁপিয়ে পড়েছে। এদেশকে নিয়ে আমরা গর্ব করি।

১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ১০ = ১০

i. **উপরের অনুচ্ছেদটি যে বিষয় নিয়ে লেখা তাহলো–**
(ক) স্বাধীনতা যুদ্ধ (খ) আকাশের রূপ
(গ) নদীর ঢেউ (ঘ) স্বদেশের সৌন্দর্য

ii. **'সবুজের ঢেউ' বলতে বোঝানো হয়েছে–**
(ক) ফসলের মাঠ (খ) সবুজ বন
(গ) সবুজ গাছ (ঘ) রং বিশেষে

iii. **যোদ্ধা শব্দটির 'দ্ধ' যুক্ত বর্ণটিতে আছে–**
(ক) দ + দ (খ) দ + ধ (গ) ধ + দ (ঘ) দ + ব

iv. **'অনেক কবি এদেশের কথা তাদের কবিতায় লিখেছেন।' কারণ–**
(ক) এদেশ অনেক সম্পদশালী
(খ) এদেশ কবির প্রিয় (গ) এদেশের রূপে মুগ্ধ
(ঘ) এদেশ বীরের ভূমি

v. **পাখি কোথায় গান করে?**
(ক) গাছের ডালে (খ) ঘরের চালে
(গ) নদীর তীরে (ঘ) খাঁচার ভেতর

vi. **তারার মেলা বলতে বোঝায়–**
(ক) একসাথে অনেকগুলো তারা
(খ) তারার আকাশে ভেসে থাকা
(গ) তারাদের আসর (ঘ) চাঁদ-তারার আসর

vii. **পাখি গান করে কোথায়?**
(ক) নদীর তীরে (খ) ঘরের চালে
(গ) বন-জঙ্গলে (ঘ) গাছের ডালে ডালে

viii. **অনেক কবি তাঁর কবিতায় লিখেছেন–**
(ক) সবুজ ফসলের কথা (খ) এদেশের নদীর কথা
(গ) এদেশের সৌন্দর্যের কথা
(ঘ) তারার মেলার কথা

ix. **এদেশ কবির কাছে কিসের মতো?**
(ক) সোনার ছবি (খ) রুপার ছবি
(গ) ঢেউখেলানো সবুজ ফসল (ঘ) তারার মেলা

x. **বীরযোদ্ধা বলতে বোঝানো হয়েছে–**
(ক) মুক্তিযোদ্ধা
(খ) যারা শত্রুপক্ষের সঙ্গে সমঝোতা করে
(গ) ন্যায়ের পক্ষে যারা যুদ্ধ করে
(ঘ) আহত যোদ্ধা

২. নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। নিচের বাক্যগুলোর শূন্যস্থানের উপযুক্ত শব্দটি উত্তর পত্রে লেখ : ১ × ৫ = ৫

শব্দ	শব্দার্থ
স্বাধীন	মুক্ত
গর্ব	অহংকার
মুগ্ধ	সন্তুষ্ট/তৃপ্ত
অপরূপ	অপূর্ব/অতুলনীয়
সৌন্দর্য	শোভা
ফুটফুটে	উজ্জ্বল

ক) জোসেফ গ্রামের — দেখে মুগ্ধ হয়েছিল।
খ) শিশুটি — সুন্দর।
গ) বাবা সজীবকে নিয়ে — বোধ করেন।
ঘ) তুমি — সুন্দর। ঙ) তোমার কাজে আমি — হয়েছি।

৩. নিচের যুক্তবর্ণগুলো কোন কোন বর্ণ দিয়ে তৈরি তা লেখ এবং প্রদত্ত যুক্তবর্ণ দিয়ে একটি করে শব্দ লেখ :
ক্ত, ন্ধ, জ্ঞ, ন্দ, ক্ষ ১ × ৫ = ৫

৪. কোনটি কোন পদ নির্ণয় কর : ১ × ৫ = ৫
দেশ, মুগ্ধ, লিখেছেন, তাঁদের, আর।

৫. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৪ = ২০
ক) এদেশকে সোনার ছবি বলা হয়েছে কেন? ৫টি বাক্যে লেখ।
খ) 'এদেশ আমাদের গর্ব'– এই বাক্যটি দিয়ে কী বোঝানো হয়েছে? লেখ।
গ) 'এদেশকে স্বাধীন করতে লাখো বীরযোদ্ধা হাসতে হাসতে মৃত্যুর কোলে ঝাঁপিয়ে পড়ে।'– এই বাক্যটি দ্বারা কী বোঝানো হয়েছে?
ঘ) এদেশ আমাদের গর্ব, এদেশকে আমরা ভালোবাসি কেন?

৬. মনে কর, তোমার নাম অনু। গ্রামের প্রকৃতির বর্ণনা দিয়ে তোমার শহুরে বন্ধু তুমিকে একটি চিঠি লেখ। ৫

◻ নিচের অনুচ্ছেদ পড়ে ৭, ৮, ৯ ও ১০নং ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর দাও :

৮ই এপ্রিল, ২০১০ সালে নেপালের রাজধানী কাঠমান্ডুর উদ্দেশ্যে তিনি ঢাকা ত্যাগ করলেন। সেখানে পৌঁছে অভিযানের জন্য যা-যা প্রয়োজন কিনে ফেললেন সেইসব জিনিস। পরদিন সঙ্গী শেরপাদের নিয়ে পৌঁছালেন সমুদ্রপৃষ্ঠ থেকে ১২ হাজার ফুট উঁচু তিব্বতের নায়ালামে। এই এলাকাটি সাধারণ কোনো জায়গা নয়। এখানে মানুষের বেঁচে থাকার জন্যে যে অক্সিজেনের প্রয়োজন হয়, তার পরিমাণ কম। সেখান থেকেই শুরু হয় তাঁর শারীরিক সমস্যা– মাথাব্যথা। কয়েক দিন এখানে থেকে কিছুটা ধাতস্থ হওয়ার পর উঠে এলেন তিংরিতে। সমুদ্রপৃষ্ঠ থেকে ১৪ হাজার ফুট উঁচুতে জায়গাটির অবস্থান। অক্সিজেনের পরিমাণ এখানে আরও কম, বেঁচে থাকা আরও কিছুটা কঠিন।

৭. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

i. **এভারেস্ট জয়ের জন্য কে প্রথম নেপালের রাজধানী কাঠমান্ডুর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন?**
(ক) মুসা ইব্রাহিম (খ) ওয়াসফিয়া নাজরীন
(গ) নিশাত মজুমদার (ঘ) এম. এ. মুহিত

ii. **সমুদ্রপৃষ্ঠ থেকে উঁচুতে মানুষের বেঁচে থাকার পরিবেশ নেই কেন?**
(ক) অতিরিক্ত ঠান্ডা (খ) অতিরিক্ত গরম
(গ) অক্সিজেন কম (ঘ) আলো-বাতাস কম

iii. **তিংরিতে আসার আগে মুসা ইব্রাহিম অবস্থান নিয়েছিলেন কোথায়?**
(ক) নেপালের কাঠমান্ডু (খ) তিব্বতে
(গ) তিব্বতের নায়ালামে (ঘ) প্রথম বেসক্যাম্পে

iv. **মুসা ইব্রাহিমের মাথা ব্যথা শুরু হয়েছিল–**
(ক) গরমের কারণে (খ) অক্সিজেনের অভাবে
(গ) ঠান্ডার কারণে (ঘ) ঝড়ের কারণে

v. **শেরপা কারা?**
(ক) পর্বতের রক্ষণাবেক্ষণকারী
(খ) পর্বত পরিচ্ছন্নকারী
(গ) পর্বত আরোহণে সাহায্যকারী
(ঘ) পর্বত আরোহণকারী

৮. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ১ + ২ + ২ = ৫
ক) কোথায় অক্সিজেনের পরিমাণ কম?
খ) তিব্বতের নায়ালাম জায়গাটি কোনো সাধারণ জায়গা নয় কেন?
গ) অক্সিজেন কম হলে বেঁচে থাকা কঠিন কেনো?

৯. প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : ১ × ৫ = ৫
সঙ্গী, অভিযান, শেরপা, ধাতস্থ, শারীরিক।

১০. প্রদত্ত অনুচ্ছেদটির মূলভাব লেখ : ৫

১১. নিচের বাক্যগুলো (প্রদত্ত ভুল শব্দটি) শুদ্ধ করে লেখ : ১ × ৫ = ৫
ক) মুসার স্বপ্ন ছিল দুর্লঙ্ঘনীয় পাহাড় চূড়ায় ওঠা।
খ) বাঙালি এক সাহসি জাতি।
গ) সব পর্বতারোহী স্বপ্ন দেখে এভারেস্টে ওঠার।
ঘ) দৃরপ্রতিজ্ঞ না হলে কাজে সফলতা আসে না।
ঙ) খেলায় জয় লাভ করে ছেলেরা ভীষন উদ্দীপ্ত।

অথবা, প্রদত্ত অনুচ্ছেদে বিরামচিহ্ন বসাও :
দু বোন বাবা-মায়ের আদরের ছায়ায় বড় হয় স্কুলে যাওয়ার পথে বুনোফুল ছিঁড়ে বেণীর সঙ্গে গেঁথে রাখে ফড়িং ধরে আবার আকাশে উড়িয়ে দেয় ফুলের পাপড়ি ছিঁড়ে খাতার ভেতর চাপা দিয়ে রাখে

১২. এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫
সংখ্যায় সবচেয়ে বেশি এমন, যা করা প্রয়োজন, যা প্রয়োগ করা যায়, মৃত্যুর মতো কঠিন যন্ত্রণা, বিন্দুর মতো ছোট

অথবা, **নিচে দাগ দেওয়া শব্দগুলোর বিপরীত শব্দ দিয়ে বাক্যগুলো পুনরায় লেখ :**
ক) এই পৃথিবীতে অনেক সুন্দর জিনিস আছে।
খ) খাবারটি স্বাদ লাগছে।
গ) তুমি আমার প্রতি নির্দয় হলে কেন?
ঘ) জায়গাটা খুব চেনা লাগছে।
ঙ) এ পৃথিবীতে সকলেই সুখী মানুষ নয়।

১৩. ক) কবিতার চরণগুলো সাজিয়ে লেখ : ২
কাল যেখানে পরাজয়ের/আজ সেখানে আলো।
কাল যেখানে আঁধার ছিল/কালো সন্ধ্যা হয়,
আজ সেখানে ভালো।/কাল যেখানে মন্দ ছিল,
খ) কবিতাংশটুকু কোন কবিতার অংশ? ১
গ) কবিতাটির কবির নাম কী? ১
ঘ) "কাল যেখানে আঁধার ছিল আজ সেখানে আলো।" কথাটির অর্থ কী? ১

১৪. হোস্টেলে সিট পাওয়ার জন্য নিচের ফরমটি পূরণ কর। ৫

১৫. নিচের যেকোনো একটি বিষয় নিয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ। ১০

ক. একটি ঐতিহাসিক স্থান *[সংকেত : ভূমিকা, মহাস্থানগড়ের অবস্থান, মহাস্থানগড়ের ইতিহাস, মহাস্থানগড়ের বর্তমানরূপ, উপসংহার।]*

খ. আমার প্রিয় খেলা *[সংকেত : সূচনা, টিমগঠন, মাঠ ও খেলার উপকরণ, খেলার নিয়ম কানুন, খেলার ধরন, জয়-পরাজয়, ক্রিকেট অঙ্গনে বাংলাদেশ সুবিধা-অসুবিধা, উপসংহার]*

গ. নায়াগ্রা জলপ্রপাত *[সংকেত : ভূমিকা, অবস্থান, জলপ্রপাত, বিশেষত্ব, বৈশিষ্ট্য, উপসংহার]*

ঘ. সুন্দরবনের প্রাণী *[সংকেত : ভূমিকা, সুন্দরবনের অবস্থান, সুন্দরবনের প্রাণী, রয়্যাল বেঙ্গল টাইগার, হরিণ, বানর, মৌমাছি, সুন্দরবনের বিলুপ্ত প্রায় প্রাণী, গণ্ডার, হাতি, বাঘ, আমাদের দায়িত্ব, উপসংহার।]*